দর্শনায় শহীদ আবু সাঈদ টি-টেন ক্রিকেট টুনার্মেন্ট অনুষ্ঠিত

দর্শনায় শহীদ আবু সাঈদ টি-টেন ক্রিকেট টুনার্মেন্ট অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার (৮ নভেম্বর) বিকাল ৩টায় দর্শনা কলেজ মাঠে শহীদ আবু সাঈদ ক্রিকেট টুনার্মেন্ট অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, দর্শনা পৌর বিএনপির প্রধান সমন্বয়ক ও সিনিয়ার সহ-সভাপতি হাবিবুর রহমান বুলেট।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, নাহারুল ইসলাম মাষ্টার ও ব্রাইট।

উক্ত খেলার যে দল দুইটি অংশ নেয় এরা হলেন রাফাত স্পোটিং বনাম মনোরঞ্জন স্পোটিং ক্লাব। শুরুতেই রাফাত স্পোটিং সব কয়টি উইকেট হারিয়ে ১০৬ রান করেন। দ্বিতীয় রাউন্ডের খেলায় মনোরঞ্জন স্পোটিং ক্লাব ৮১ রান করে অল আউট হয়ে যায়। ফলে রাফাত স্পোটিং ২৫ রানে বিজয়ী হয়।

সকল অনুষ্ঠান পরিচালনা করেন,শাওন, সাজু, রকি, উজ্জল, আলামিন. সাঈদ, সংগ্রাম, শরীফ ও রিদয় প্রমুখ।

মেহেরপুর জেলা ব্যাপী ফিউচার ক্যাডেট মেধাবৃত্ত পরীক্ষা অনুষ্ঠিত

মেহেরপুর জেলা ব্যাপী চতুর্থ ও পঞ্চম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের ফিউচার ক্যাডেট মেধাবৃত্ত পরীক্ষা ২০২৪ আয়োজন করা হয়েছে।

আজ শুক্রবার (০৮ নভেম্বর) সকাল দশটার সময় মেহেরপুর শাখা ফিউচার ক্যাডেট একাডেমি মেহেরপুর জেলা ব্যাপী চতুর্থ ও পঞ্চম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের ফিউচার ক্যাডেট মেধাবৃত্ত পরীক্ষার কেন্দ্র

জিনিয়াস ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ অনুষ্ঠিত হয়।

এ সময় উপস্থিত ছিলেন দৌলতখালী কলেজের প্রভাষক আব্দুল মুনিম, ফিউচার ক্যাডেট একাডেমি, শিক্ষক আশিকুর রহমান, শামীম রেজা, রাকিবুল ইসলাম, হামিমা আক্তার, সাহাবুল ইসলাম, তনিসুর ইসলাম, ফাতেমা আক্তার প্রমুখ।

এর আগে ফিউচার ক্যাডেট একাডেমী পরীক্ষা পরিদর্শন করেন পরিচালক মফিজুর রহমান।

মুজিবনগরে টিএফসিএল’র আয়োজনে দিনব্যাপী মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত

মেহেরপুরের মুজিবনগরে ট্রিটমেন্ট ফর চেঞ্জজিং লাইফ (টিএফসিএল) এর আয়োজনে দিনব্যাপী মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার (০৮ নভেম্বর) উপজেলার শিবপুর আদর্শ মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে এই ক্যাম্পের আয়োজন করা হয়। মেডিক্যাল ক্যাম্পে দাঁত ও সাধারণ চিকিৎসাসেবা দিচ্ছেন ঢাকা থেকে আগত বিভিন্ন মেডিকেলের বিশেষজ্ঞ চিকিৎসকরা চিকিৎসা প্রদান করেন।

এসময় সেবা নিতে আসা রোগীদের মাঝে বিনামূল্যে ঔষধ বিতরণ করা হয়। টিএফসিএল একটি অরাজনৈতিক ও অলাভজনক স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান। গরীব-অসহায়দের স্বাস্থ্য সেবা নিশ্চত করতে ২০১০ সালে মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয়ের ২০০১ ব্যাচের কয়েকজন বন্ধু মিলে সংগঠনটি প্রতিষ্ঠা করে। এর আগে মেহেরপুরের বুড়িপোতা ও সোনাপুর গ্রামে দুটি মেডিকেল ক্যাম্প পরিচালনা করে সংগঠনটি।

সংগঠনের সদস্যরা বলেন, আমরা কয়েকজন বন্ধু মিলে এই উদ্যোগ গ্রহণ করি। ছোট পরিষরে হলেও আমরা এগিয়ে যাচ্ছি। এলাকার বিত্তবানরা যদি এগিয়ে আসে তাহলে আগামীতে এই সেবার পরিধি আরও বাড়িয়ে আমরা অসহায়

মানুষের পাশে থাকতে চাই। মুজিবনগর থানা পুলিশ ও শিবপুর যুব সংঘর সদস্যরা সার্বিক সহযোগিতা করে।

দামুড়হুদা দলিয়ারপুর বিএনপির কর্মী সমাবেশ অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলার জুড়ানপুর ইউনিয়নের দলিয়ারপুর ৯নং ওয়ার্ড বিএনপির উদ্যেগে কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার বিকাল ৪টার দিকে দলিয়ারপুর মাধ্যমিক বিদ্যালয়ের মাঠে এই কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়।

৯নং ওয়ার্ড বিএনপির সভাপতি শফিকুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা থানা বিএনপির সভাপতি মোঃ মনিরুজ্জামান মনির।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, সমাজ থেকে মাদক সেবনকারী ও মাদক ব্যবসায়ীদের উচ্ছেদ করতে হবে। মাদক উচ্ছেদের ব্যাপারে আইনশৃঙ্খলা বাহিনীর কাছে আমরা অনুরোধ করবো এদিকে আপনারা লক্ষ্য রাখুন আমরা আপনাদের মাদক উচ্ছেদের ব্যাপারে সর্বাত্মক সহযোগিতা করব। সেই সাথে বিএনপি দলের ভেতর কোনো চাঁদাবাজি উচ্ছৃংখল কাউকে স্থান দেওয়া হবে না। বিএনপি একটি শান্তি প্রিয় ও জনগণের আস্থার দল।

অনুষ্ঠানে প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা থানা বিএনপির সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু, এসময় তিনি বলেন, আমরা মানুষের মৌলিক অধিকারের জন্য ১৭ বছর থেকে আন্দোলন সংগ্রাম করছি। এ আন্দোলন সংগ্রাম করতে গিয়ে আমাদের অনেক নেতাকর্মীকে গুম করা হয়েছে। মানুষের মৌলিক অধিকার এবং ভোটের অধিকার আদায়ের জন্য আন্দোলন সংগ্রাম করতে গিয়ে দেশনেত্রী বেগম খালেদা জিয়ার ৮০ বছর বয়সে মিথ্যা মামলায় সাত বছর কারাবরণ করতে হয়েছে। ভোটের অধিকার প্রতিষ্ঠা করতে গিয়ে দেশনায়ক তারেক রহমানকে একের পর এক মিথ্যা মামলা দিয়ে তাকে বিদেশের মাটিতে থাকতে বাধ্য করেছে শেখ হাসিনা। ১৭ টি বছর ধরে মানুষের উপর অন্যায় অত্যাচার নিপীড়ন করে আসছে।

আমরা দেখেছি, শাপলা চত্ত্বরে কিভাবে হাজার হাজার মাদরাসার ছাত্রদের উপর গুলি করে হত্যা করা হয়েছিল। তারপর আমরা দেখেছি কিভাবে দেশনেত্রী বেগম খালেদা জিয়া তার ৪০ বছরের বসবাসরত বাড়ি থেকে বের করে দেওয়া হয়েছিলো। এভাবে ১৭ বছর মানুষের উপর অন্যায় অত্যাচার করেছে, তারই বিস্ফোরণ ঘটেছে ৫ আগষ্ট ছাত্র জনতার বিপ্লবের মাধ্যমে।

জুড়ানপুর ইউনিয়ন যুবদল নেতা কামরুল হাসান টুটুলের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা থানা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক মোঃ মন্টু মিয়া, সাংগঠনিক সম্পাদক প্রভাষক আবুল হাসেম, দামুড়হুদা থানা বিএনপির সভানেত্রী সালমা জাহান পারুল। জুড়ানপুর ইউনিয়ন বিএনপির সভাপতি মোঃ ইদ্রিস আলী, সাধারণ সম্পাদক মোঃ রুহুল আমিন।দামুড়হুদা উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক ইকরামুল হক, যুগ্ম আহ্বায়ক রকিবুল হাসান তোতা, যুগ্ম আহ্বায়ক জাহিদুল ইসলাম, যুগ্ম আহ্বায়ক জাহিদুর রহমান।

এসময় আরো উপস্থিত ছিলেন জুড়ানপুর ইউনিয়ন যুবদল নেতা রাজীব আহমেদ, সেলিম উদ্দিন, রনি মল্লিক, ইমরান আহমেদ, নাঈম হোসেন, আস্তান মন্ডল। ইউনিয়ন ছাত্রদল নেতা তৌহিদ রেজা তুষার, মাহফুজুর রহমান মাহফুজ, আশিক, লাবিব, মিশর, পাপ্পু, হাপুসহ ইউনিয়নের বিভিন্ন গ্রামের বিএনপি, যুবদল, স্বেচ্ছাসেবক দল ও ছাত্রদলের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুর ডিকেআইবি নির্বাচনে নির্বাচিত সদস্যদের শপথ গ্রহন অনুষ্ঠিত

বাংলাদেশ ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, ডি.কে.আই.বি নির্বাচনে মেহেরপুর জেলা শাখার নির্বাচিত সকল সদস্যদের শপথ গ্রহণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার বিকালে মুজিবনগর উপজেলা কৃষি অফিস হলরুমে,

ডি.কে.আই.বি নির্বাচনের রিটার্নিং অফিসার সাবেক কৃষি সম্প্রসারণ কর্মকর্তা খাইরুল ইসলামের আয়োজনে এই শপথ গ্রহণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

শপথ গ্রহণ অনুষ্ঠান উপস্থিত ছিলেন, নবনির্বাচিত কমিটির সভাপতি মেহেরপুর সদর কৃষি অফিসের উপসহকারী কৃষি অফিসার জাকারিয়া পারভেজ, সাধারণ সম্পাদক গাংনী কৃষি অফিসের উপসহকারী কৃষি অফিসার সেলিম রেজা নবী সহ কমিটির সকল সদস্যবৃন্দ।

শপথ গ্রহণ অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন বিকেআইবি এর সাবেক সভাপতি রুহুল কুদ্দুস।

মেহেরপুরে জামায়াতে ইসলামীর কর্মী সম্মেলন অনুষ্ঠিত

বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর সদর উপজেলা পিরোজপুর ইউনিয়ন শাখার আয়োজনে কর্মী সম্মেলন ২০২৪ অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার (২ নভেম্বর) বিকেল ৪ টার দিকে মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর ইউনিয়নের বাজার প্রাঙ্গনে এ কর্মী সম্মেলন অনুষ্ঠিত হয়।

সম্মেলনে কোরআন তেলাওয়াত ও ইসলামী সংগীত পরিবেশন করা হয়।

বাংলাদেশ জামায়াতে ইসলামী পিরোজপুর ইউনিয়নের আমীর বীর মুক্তিযোদ্ধা বদরুজ্জামানের সভাপতিত্বে সম্মেলনে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা আমীর মাওঃ তাজউদ্দিন খান।

বাংলাদেশ জামায়াতে ইসলামী পিরোজপুর ইউনিয়নের সাধারণ সম্পাদক জমিরুল ইসলামের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা আমীর মাওঃ সোহেল রানা, সাধারণ সম্পাদক মোঃ জাব্বারুল ইসলাম মাস্টার, জেলা নায়েবে আমীর মাওঃ মাহবুব-উল আলম, জেলা রাজনৈতিক সেক্রেটারি মাওঃ কাজী রুহুল আমিন, জেলা শ্রমিক

কল্যাণের সভাপতি মোঃ আঃ রউফ মুকুল।

এছাড়াও এসময় বাংলাদেশ জামায়াতে ইসলামীর বিভিন্ন ইউনিয়নের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরের ওরিয়েন্টেশন ও ত্রৈমাসিক অগ্রগতি ফলোআপ সভা অনুষ্ঠিত

মেহেরপুরের আমঝুপিতে ইয়ুথ ফোরামের ওরিয়েন্টেশন ও ত্রৈমাসিক অগ্রগতি ফলোআপ সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকাল ১০ টার দিকে আমদহ, আমঝুপি এবং বারাদী ইউনিয়নের যুব সদস্যদের নিয়ে মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর হলরুমে ইয়ুথ ফোরামের ওরিয়েন্টেশন ও ত্রৈমাসিক অগ্রগতি ফলোআপ সভা অনুষ্ঠিত হয়।

গণসাক্ষরতা অভিযান এর সহায়তায় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এ কর্মসূচীর আয়োজন করে।

মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিমের সভাপতিত্বে শুভেচ্ছা বক্তব্য রাখেন প্রোগ্রাম ম্যানেজার কাজল রেখা।

সভায় মেহেরপুর জেলার সার্বিক শিক্ষার সুযোগ, শিক্ষার বাস্তবতা, শিশুদের বিদ্যালয়ে আনন্দঘন পরিবেশ তৈরি সহ বিদ্যালয়ে স্বচ্ছতা ,জবাবদিহিতা ও সুশাসন নিশ্চিত করতে ইয়ুথদের ভুমিকার বিষয়ে আলোচনা করা হয়।

এ সময় মেহেরপুর বৈষম্যবিরোধ ছাত্র আন্দোলনের সংগঠক তাহসিন আহম্মদ রাব্বী, বারাদী ইউনিয়নের ইয়ুথ ফোরামের সভাপতি শ্রী সজিব দাস, আমঝুপি ইউনিয়নের ইয়ুথ ফোরামের সভাপতি ইয়াসমিন এবং আমদহ ইউনিয়নের সদস্য রতন আলীসহ অনেকে নিজেদের মতামত তুলে ধরেন।

সভায় গণমাধ্যম কর্মীসহ ৪০ জন যুব সদস্য উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান শিক্ষার উন্নয়নে সেমিনার অনুষ্ঠিত

“স্কুল হোক বিজ্ঞান শিক্ষার আনান্দময় কর্মকান্ডের কেন্দ্র বিন্দু” এই শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে মাধ্যমিক স্কুল পর্যায়ে বিজ্ঞান শিক্ষার উন্নয়নে জেলা সেমিনার-২০২৪ অনুষ্ঠিত হয়েছে।

ঝিনাইদহ ওয়েলফেয়ার এফোর্টসের (উই) আয়োজনে ও বাংলাদেশ ফ্রিডম ফাউন্ডেশনের সহযোগিতায় আজ বুধবার (৩০ অক্টোবর) সকালে ঝিনাইদহ স্কাউট ভবনের অডিটরিয়ামে অনুষ্ঠিত হয়।

সরকারি নুরুন্নাহার মহিলা কলেজের সাবেক উপাধ্যক্ষ এন এম শাহাজালালের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা রাজিয়া আক্তার চৌধূরী।

সেমিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহের ভারপ্রাপ্ত জেলা শিক্ষা অফিসার মাঃ আজহারুল ইসলাম, নারিকেল বাড়িয়া আমেনা খাতুন কলেজের সাবেক অধ্যক্ষ আমিনুর রহামান টুকু, সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা শেখ মোঃ কামরুজ্জামান ও হরিণাকুন্ডু মাধ্যমিক শিক্ষা অফিসের একাডেমিক সুপারভাইজার মাছুরা খাতুন।

ঝিনাইদহ সদর উপজেলার নির্বাচিত ২০টি ও হরিণাকুন্ডু উপজেলার ১০টি বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের নিয়ে এই জেলা সেমিনার অনুষ্ঠিত হয়।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]